গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়
সমন্বয় ও মনিটরিং শাখা
www.mopme.gov.bd

**২৯ জুন ২০২১ তারিখে অনুষ্ঠিত সমন্বয় সভায় আলোচিত জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক গৃহীত কর্মপরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি**

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা |
|---|---|---|
| ১. | "প্রাথমিক শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের অবদান" শীর্ষক সেমিনার আয়োজন। | • জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন উপলক্ষ্যে সেমিনারটি মাধ্যমিক ও উচ্চশিক্ষা বিভাগ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ এবং প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক সমন্বিত ভবিষ্যত করণীয় সম্পর্কিত কর্মসূচির অন্তর্ভুক্ত করা হয়েছে।<br>• উক্ত সেমিনারটি আন্তর্জাতিকভাবে আয়োজনের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় সেমিনারের বিষয়বস্তু "Bangabandhu's Contributions to Nationalisation of Primary Schools" শিরোনামে ইংরেজিতে পরিবর্তনের জন্য জাতীয় বাস্তবায়ন কমিটির অনুমোদন চাওয়া হলে গত ১৫/০৬/২০২১ তারিখে সেমিনারটি আন্তর্জাতিকভাবে আয়োজনের প্রস্তাবে সম্মতি প্রদান করেছে।<br>• উল্লেখ্য, ইতোপূর্বে সেমিনারের বিষয়ে প্রবন্ধ প্রস্তুতের জন্য উপাচার্য, বাংলাদেশ উন্মুক্ত বিশ্ববিদ্যালয়কে অনুরোধ জানানো হয়েছে। |
| ২. | জাঁকজমকপূর্ণভাবে ঢাকায় বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্টের ফাইনাল খেলার আয়োজন করা হবে। | • কোভিড-১৯ পরিস্থিতির উন্নতি হলে স্বাস্থ্যবিধি মেনে বঙ্গবন্ধু গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয় ফুটবল টুর্নামেন্ট এবং বঙ্গমাতা শেখ ফজিলাতুন্নেছা মুজিব গোল্ডকাপ প্রাথমিক বিদ্যালয়ে ফুটবল টুর্নামেন্ট-২০১৯ আয়োজন করা হবে। |
| ৩. | বিপুল উৎসাহ ও উদ্দীপনার মাধ্যমে এবং বঙ্গবন্ধুর শিক্ষা বিষয়ক অবদানের উপর বিশেষ গুরুত্বারোপ করে জাতীয় প্রাথমিক শিক্ষা সপ্তাহ পালন করা হবে। | • জাতীয় প্রাথমিক শিক্ষা পদক-২০২১ এবং জাতীয় শিক্ষা সপ্তাহ-২০১৯ এর পুরস্কার বিতরণ অনুষ্ঠানের আয়োজন সম্পন্ন করা হয়েছে।<br>• বিদ্যমান করোনা পরিস্থিতি বিবেচনায় উক্ত কার্যক্রম সম্পন্ন হয়নি। |
| ৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস যথাযোগ্য মর্যাদায় উদযাপন করা হবে। | • কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় যথারীতি আগামী ০৮ সেপ্টেম্বর ২০২১ তারিখে আন্তর্জাতিক সাক্ষরতা দিবস উদযাপনের প্রস্তুতি গ্রহণ করা হবে। |
| ৫. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে বই বিতরণ অনুষ্ঠান আয়োজন করা হবে। | অনুষ্ঠিত। |
| ৬. | 'মুজিববর্ষ' ব্যাপী প্রাথমিক শিক্ষার ক্ষেত্রে বঙ্গবন্ধু এবং মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনা কর্তৃক বিভিন্ন সময়ে গৃহীত যুগান্তকারী ও ঐতিহাসিক কর্মসূচি এবং অর্জনসমূহের আলোকে উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/ সিম্পোজিয়াম আয়োজন করা হবে। | • এ বিষয়ে পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় উপজেলা, জেলা, বিভাগ এবং জাতীয় পর্যায়ে সেমিনার/সিম্পোজিয়াম আয়োজন করা হবে। |
| ৭. | 'মুজিববর্ষ' ব্যাপী উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজনের বিষয়ে সদয় অনুমোদন গ্রহণের ব্যবস্থা নেয়া হবে। | • কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনায় চলতি অর্থবছরে উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন করা সম্ভব হয়নি। আগামী অর্থবছরে সরাসরি/ভার্চুয়ালি উপজেলা, জেলা, বিভাগ পর্যায়ে মা-সমাবেশ আয়োজন এবং ভিডিও কনফারেন্সিংয়ের মাধ্যমে সমাবেশের কর্মপরিকল্পনা প্রস্তুতপূর্বক বাস্তবায়ন করা হবে। |

| ক্রমিক | গৃহীত কর্মসূচির বিবরণ | বাস্তবায়ন অগ্রগতি ও ভবিষ্যত পরিকল্পনা |
|---|---|---|
| ৮. | 'মুজিববর্ষ' ব্যাপী সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্থাপিত 'বঙ্গবন্ধু বুক কর্নার' কার্যকর করা হবে এবং বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী সিআরআইসহ অন্যান্য প্রকাশনা প্রতিষ্ঠানের প্রকাশিত বই সংরক্ষণ ও ব্যবহার নিশ্চিত করার বিষয়টি বিবেচনা করা হবে। | • সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে বঙ্গবন্ধুর জীবন আদর্শের উপর শিশু কিশোরদের উপযোগী ৩,৯০,৭২০টি বই বিতরণ করা হয়েছে।<br>• "বঙ্গবন্ধু" নামে বুক কর্নার স্থাপনের জন্য "বঙ্গবন্ধু মেমোরিয়াল ট্রাস্ট"-এর অনুমোদন চাওয়া হয়েছে। অনুমোদন পাওয়া গেলে পরবর্তীতে ব্যবস্থা গ্রহণ করা হবে। |
| ৯. | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার স্থাপনের ব্যবস্থা গ্রহণ করা হবে। | • সরকারি প্রাথমিক বিদ্যালয় প্রাঙ্গনে শহীদ মিনার নির্মাণের ক্ষেত্রে নকশার অভিন্নতা ও কাজের মান রক্ষার স্বার্থে এলজিইডি কর্তৃক প্রস্তুতকৃত দুটি নকশার যেকোন একটি অনুসরণপূর্বক স্থানীয় উদ্যোগে শহীদ মিনার নির্মাণের লক্ষ্যে গত ১৭ মে ২০২১ তারিখে নির্দেশনা প্রদান করা হয়েছে। |
| ১০. | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে সকল সরকারি প্রাথমিক বিদ্যালয়ে 'স্টুডেন্টস কাউন্সিল'-কে সম্পৃক্ত করে সাংস্কৃতিক অনুষ্ঠান, চিত্রাঙ্কন প্রতিযোগিতা ইত্যাদি আয়োজন করা হবে। | • ২৩ ফেব্রুয়ারি ২০২০ তারিখ প্রতিটি সরকারি প্রাথমিক বিদ্যালয়ে স্টুডেন্ট কাউন্সিল নির্বাচন সম্পন্ন হয়েছে এবং কিছু বিদ্যালয়ে কার্যক্রমগুলো শুরু করা হয়েছিল।<br>• কোভিড-১৯ পরিস্থিতি বিবেচনা করে কার্যক্রম বাস্তবায়ন করা হবে। |
| ১১. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে মন্ত্রণালয়ের ওয়েবসাইটে স্বতন্ত্র পেইজ তৈরি করা হবে। | • মন্ত্রণালয়ের ওয়েবসাইটের স্বতন্ত্র পেইজ যথাযথভাবে কার্যকর করা হচ্ছে। |
| ১২. | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে ২১ লক্ষ নিরক্ষরকে সাক্ষরতা দান করা হবে। | • 'মুজিববর্ষ' উপলক্ষ্যে ২১ লক্ষ নিরক্ষর নারী-পুরুষকে সাক্ষরতা প্রদানের জন্য গত ০১ এপ্রিল ২০২০ তারিখ হতে একযোগে ৩৫,০০০ শিখন কেন্দ্র (২ শিফট) চালু করার সিদ্ধান্ত থাকলেও কোভিড-১৯ পরিস্থিতির জন্য তা সম্ভব হয়নি।<br>• করোনা পরিস্থিতি স্বাভাবিক হলে এবং সরকারের নির্দেশনার প্রেক্ষিতে স্বাস্থ্যবিধি মেনে শিখন কেন্দ্রগুলো চালু করা হবে। |
| ১৩. | 'মুজিববর্ষ' উপলক্ষ্যে প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয় কর্তৃক বিস্তারিতভাবে বার্ষিক প্রতিবেদন প্রকাশ করা হবে। | • প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়ের বার্ষিক প্রতিবেদন প্রকাশের কাজটি চূড়ান্ত পর্যায়ে রয়েছে। |
| ১৪. | জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে চলমান স্কুল ফিডিং প্রোগ্রামকে সারাদেশে চালুর ব্যবস্থা গ্রহণ করা হবে। | • চলমান দারিদ্রপীড়িত এলাকায় স্কুল ফিডিং প্রকল্পটি ৩০ জুন ২০২১ তারিখে সমাপ্ত হবে। |